দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 NOV 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

# ইউজিসিতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে কর্মশালা

'পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য আর্থিক ব্যবস্থাপনা : বাজেট কাঠামো, আর্থিক প্রতিবেদন ও অডিটিং এ্যাপ্রোচ' শীর্ষক দুই দিনব্যাপী কর্মশালার সমাপনী অনুষ্ঠান রবিবার ইউজিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। ইউজিসির অর্থ ও হিসাব বিভাগ দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের অর্থ, বাজেট ও অডিট শাখাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য এ কর্মশালার আয়োজন করে। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। ইউজিসি সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলির সভাপতিত্বে প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. দিল আফরোজা বেগম, সদস্য, ইউজিসি, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, সদস্য, ইউজিসি এবং ড. মোঃ খালেদ, সচিব, ইউজিসি অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। শনিবার প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা দুই দিনব্যাপী এ কর্মশালা উদ্বোধন করেন।

প্রফেসর শাহ্ নওয়াজ আলি সভাপতির ভাষণে বলেন, দেশ এখন উন্নয়নের মহাসড়কে রয়েছে। দেশের সীমিত সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে তিনি দেশকে এগিয়ে নেয়ার আহ্বান জানান। -বিজ্ঞপ্তি